



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Programme 5th Semester Examination, 2023-24



BNGGDSE02T-BENGALI (DSE1B)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। 'বীরাঙ্গনা' কাব্যের নায়িকারা কোন্ অর্থে বীরাঙ্গনা, পত্রগুলি অবলম্বনে তা আলোচনা করো। ১০
অথবা
'বীরাঙ্গনা' কাব্যে 'সোমের প্রতি তারা' পত্রটিতে তারা চরিত্রের স্বরূপ উদ্ঘাটন করো। ১০
- ২। 'বাঁশি' কবিতায় হরিপদ কেরানির বহির্জীবন ও অন্তর্জীবনের যে ছবি ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ১০
অথবা
'প্রথম পূজা' কবিতায় অস্পৃশ্যতার অভিশাপ কীভাবে বর্ণিত হয়েছে, কবিতা অনুসরণে তা আলোচনা করো। ১০
- ৩। উপেক্ষিত হতাশ প্রেমিকের রোমান্টিক বিষণ্ণতার চিরন্তন সুর কীভাবে 'অভিশাপ' কবিতায় প্রতিধ্বনিত হয়েছে, তা লেখো ১০
অথবা
নজরুল কাব্যের রোমান্টিকতা, প্রেম-বিরহ-বেদনা-উচ্ছ্বাসের নামান্তর 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' — কবিতাটির আলোকে বক্তব্যটির সার্থকতা বিচার করো। ১০
- ৪। 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের বৈশিষ্ট্য অনুসরণে 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো। ১০
অথবা
'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের পাঠ্য কবিতা অবলম্বনে জীবনানন্দ দাশের মৃত্যুচেতনার পরিচয় দাও। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০
- (ক) 'পরম অধর্মাচারী রঘু-কুলপতি।' — কোন্ পত্র থেকে উদ্ধৃত হয়েছে? কে, কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছেন? রঘু-কুলপতিকে অধর্মাচারী বলা হয়েছে কেন? ১+২+২
- (খ) 'কোপাই আজ কবির ছন্দকে আপন সাথি করে নিলে' — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- (গ) 'লজ্জিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার' — কোন্ কবিতার অংশ? কবি যাত্রীদের 'হুঁশিয়ার' করেছেন কেন? ১+৪
- (ঘ) "আমারেই পাবে তুমি ইহাদের ভিড়ে" — কাকে, কাদের ভিড়ে পাওয়ার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

—x—